

Bankim Sardar College

Semester IV Examination

B.A Hons. CCH10

Inclusive Education

Subject: Education

(প্রতিটি বিভাগের উত্তর অবশ্যই আলাদা পাতায় লিখবে।)

বিভাগ-ক (পূর্ণমাণ-১০)

১.যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

মান-২(২X৫=১০)

- ক)সর্বসমাবিষ্ট শিক্ষা বলতে কী বোঝ?
- খ)সর্বসমাবিষ্ট শিক্ষায় প্রভাব বিস্তারকারী দুটি উপাদানের নাম লেখো।
- গ)বিকালঙ্গ(Handicap) বলতে কী বোঝো।
- ঘ)শিক্ষাগত দিক থেকে দৃষ্টিগত প্রতিবন্ধীকতাকে কয়টি শ্রেণীতে ভাগ করা যায় ও কী কী?
- ঙ)অটিজম কী?
- চ)ডিসলেক্সিয়া বলতে কী বোঝ?
- ছ)সামাজিক বহির্ভূতকরণের দুটি কারণ লেখো।
- জ)বান্দুরার সামাজিক শিখনের কয়টি পর্যায়ের কথা বলা হয়েছে?

বিভাগ-খ

২।যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

মান-১৫ (১৫X১=১৫)

- ক)সেরিৱাল পালসি কী?এর বৈশিষ্ট্য এবং প্রকারভেদগুলি সম্পর্কে লেখো।

অথবা

- খ)লিঙ্গ ও যৌনতা সম্পর্কে যা জানো লেখো।

বিভাগ-গ (পূর্ণমান- ৬৫=২৫X১+৪X১০)

৩। সবকটি প্রশ্নের উত্তর দাও।

মান-১ (২৫X১=২৫)

ক। “সর্বসমাবিষ্টকরণ” শব্দটি প্রথম ব্যবহৃত হয় কোন দেশে?

অ) ফরাসি, আ) গ্রীক, ই) ইতালি, ঙ) আমেরিকা

খ) সর্বসমাবিষ্ট শিক্ষা সাধারণত কয় প্রকার?

অ) ২টি, আ) ৪টি, ই) ৬টি, ঙ) ৫টি

গ। সর্বসমাবিষ্ট শিক্ষার কয়টি দিক?

অ) ২টি, আ) ৪টি, ই) ৬টি, ঙ) ৫টি

ঘ। লিঙ্গান্তর কথার অর্থ কী?

অ) অর্ন্তভুক্তিকরণ, আ) সামাজিকীকরণ, ই) লিঙ্গ, ঙ) লিঙ্গবিরাগ

ঙ। অর্ন্তভুক্তিকরণে কয় প্রকার মডেলের কথা বলা হয়েছে?

অ) ২টি, আ) ৪টি, ই) ৬টি, ঙ) ৩টি

চ। অজ্ঞতা যে অভিশাপ তার সবচেয়ে বড়ো প্রমাণ কোন ক্ষেত্রে পাওয়া যায়?

অ) রাজনৈতিক দ্বন্দ্ব, আ) সামাজিক দ্বন্দ্ব, ই) শিক্ষা, ঙ) ব্যক্তিগত দ্বন্দ্ব,

ছ। শারীরিক গঠন, অঙ্গসংস্থানগত এবং পেশীগত অস্বাভাবিকতাকে কী বলে?

অ) প্রতিবন্ধকতা, আ) অক্ষমতা, ই) বিকলাঙ্গ, ঙ) সর্বসমাবিষ্ট

জ। খাঁড়া, Crippled-এরা কোন শ্রেণীর প্রতিবন্ধী?

অ) অস্থিগত, আ) অক্ষমতা, ই) বিকলাঙ্গ, ঙ) সর্বসমাবিষ্ট

ঝ। যে শিশুরা দূরের বস্তু স্পষ্টভাবে দেখতে পারলেও নিকটের বস্তুগুলিকে অস্পষ্ট দেখে তাদের কী বলে?

অ) হাইপারমেট্রোপিয়া, আ) দৃষ্টিক্ষীণতা, ই) বিষমদৃষ্টি, ঙ) ছানি

ঞ। সবার জন্য শিক্ষা কার আওতায় প্রতিবন্ধী শিশুদের নিয়ে আসতে হবে?

অ) ESP আ) TSP, ই) EFA, ঙ) TRA

ট। বয়সের উপর ভিত্তি করে বধিরতাকে কয় ভাগে ভাগ করা যায়?

অ) ২টি, আ) ৪টি, ই) ৬টি, ঙ) ৩টি

ঠ। যৌনাঙ্গ ও তৎসন্নিহিত অঞ্চল- কোন স্তরের অন্তর্গত?

অ) ইডিপাস, আ) আত্মরতি, ই) পায়ুরতি, ঙ) উপস্থরতি

ড। সামাজিক অন্তর্ভুক্তির স্তর সম্বন্ধে সবচেয়ে ভালো ব্যাখ্যা কে দিয়েছেন?

অ) Lombe আ) Therborn ই) Eleanor Leacock ঙ) Newman

ঢ। শ্রবন প্রতিবন্ধীকে কয়টি ভাগে ভাগ করা যায়?

অ) ২টি, আ) ৪টি, ই) ৬টি, ঙ) ৩টি

ণ। শিশুর জীবনের প্রাথমিক প্রভাব বিস্তারকারী উপাদান কী?

অ) আদর্শ আ) যৌন, ই) লিঙ্গ ঙ) অনুকরণ

ত। যথায়থ ও সন্নিহিত পেশির চলাচলকে কী বলে?

অ) ফাইনমটোর ফাংশন, আ) ওরাল মটোর ফাংশন, ই) গ্রেসমটোর ফাংশন, ঙ) মাসলটোন

থ। টি.এস.পি পুরো নাম কী?

অ) ট্রাইবাল সাবসিস্টেম প্ল্যান আ) টিউটোরিয়্যাল সাবসিস্টেম পাওয়ার ই) ট্রাইবাল সাব প্ল্যান ঙ) টিউটোরিয়্যাল সাবসিস্টেম প্ল্যান

দ। দৃষ্টি প্রতিবন্ধীতার কারণগুলি কয়টি ভাগে ভাগ করা যায়?

অ) ২টি, আ) ৪টি, ই) ৬টি, ঙ) ৩টি

ধ। সুস্থ যৌন সম্পর্ক কার প্রাথমিক ভিত্তি হিসাবে কাজ করে?

অ) ব্যক্তিগত অভিযোজন, আ) পারিবারিক অভিযোজন, ই) সামাজিক অভিযোজন, ঙ) শিক্ষাগত অভিযোজন

ন। মস্তিষ্কের গঠনগত সমস্যার জন্য দৃষ্টিশক্তি লোপ পাওয়াকে কি বলে?

অ) অক্সিচিফ্যালি, আ) অ্যানফথালমিয়া, ই) অ্যান্ড্রিডিয়া, ঙ) ট্রাকোমা

প। MBD-এর পুরো নাম কী?

অ) Minimum Body Dys-function , আ) Minimal Brain Dys-Disabilities, ই) Minimal Brain Dys-function, ঙ) Minimum Body Dys-function

ফ। যৌন শিক্ষার উদ্দেশ্যকে প্রধানত কয়টি দৃষ্টিভঙ্গি থেকে দেখা যায়?

অ) ২টি, আ) ৪টি, ই) ৬টি, ঙ) ৩টি

ব। পেশিগত সমস্যা প্রধান আকারে হলে তাকে কী বলে?

অ) Spastic Cerebral Palsy, আ) Mixed Cerebral Palsy, ই) Ataxic Cerebral Palsy, ঙ) Athetoid Cerebral Palsy

ভ। ব্যক্তিগত অভিযোজন এবং সুস্থতা কার সঙ্গে দ্বিমুখী সম্পর্কে সম্পর্কিত?

অ) সর্বসমাবিষ্ট, আ) শিখন, ই) লিঙ্গ, ঙ) যৌনতা

ম। শিখনমূলক অক্ষমতাকে কী বলে?

অ) ডিসগ্রাফিয়া, আ) ডিসলেক্সিয়া, ই) ডিসক্যালকুলিয়া, ঙ) Mixed Cerebral Palsy

বিভাগ-ঘ

যে কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও।

মান-১০ (১০X৪=৪০)

৪। সহপাঠী কর্তৃক প্রশিক্ষণের সুবিধা ও অসুবিধাগুলি উল্লেখ করো।

৫। অটিজম কী? এর বৈশিষ্ট্য ও প্রকারভেদগুলি সম্পর্কে লেখো।

৬। শিখন অক্ষমতা কাকে বলে? এর বৈশিষ্ট্য লেখো।

৭। সর্বসমাবিষ্ট শিক্ষায় পিতামাতার ভূমিকা আলোচনা করো।

৮। তপশিলি ও উপজাতিদের জন্য শিক্ষার সুযোগ সম্পর্কে লেখো।

৯। পূর্ণায়ত্ত শিখনের সুবিধা ও অসুবিধাগুলি সম্পর্কে লেখো।

১০। সর্বসমাবিষ্ট সমাজের উপাদানগুলি সম্পর্কে লেখো।